# নাসিরকোট শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ

মহান স্বাধীনতাযুদ্ধের ৯জন বীর শহীদের সমাধিস্থলে প্রতিষ্ঠিত একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান

ডাকঘর ঃ নাসিরকোট, উপজেলা ঃ হাজীগঞ্জ, জেলা ঃ চাঁদপুর।

প্রতিষ্ঠা : ১৯৭৩, কলেজ কোড : ৭৩৭৮ (কুমো) ৩৯২৬ (জাবি), পরীক্ষা কেন্দ্র : ৩১৫ (উমা), এমপিও কোড : ০৭০৪০১৩১০১, EIIN-১০৩৭৫৫, ইমেইল : nsscollegebd@gmail.com মোবাইল : ০১৮৪৭-০৩২২৪৪

স্মারক ঃ

তারিখ ঃ ৩০.০৯.২০২৫

## "জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয় ২০২৫" সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা নাসিরকোট শহীদ স্মৃতি ডিগ্রি কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, "জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয় ২০২৫" এর জন্য শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন গ্রহণের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন। শিক্ষার্থীদের কে সে নির্দেশনা মোতাবেক কার্যক্রম করার জন্য বলা হলো।

[illegible]
৩০.০৯.২০২৫
মোঃ [illegible]
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
নাসিরকোট শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ
হাজীগঞ্জ, চাঁদপুর, 01816658110

জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

তারিখ: ২৯ জুলাই, ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

## "জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয় ২০২৫" এর জন্য অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন গ্রহণ শুরু করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২৯ জুলাই ২০২৫: ২০২৪ সালের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের সকল শহিদদের আত্মত্যাগকে চিরভাস্বর করে রাখতে "জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়" চালু করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। গত ১ জুলাই ২০২৫ তারিখ মাননীয় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস শিক্ষার্থীদের হাতে ২০২৪ সালের এই শিক্ষাবৃত্তি তুলে দেয়ার মাধ্যমে ৩৬ দিনব্যাপী জুলাই স্মৃতি অনুষ্ঠানমালা উদ্বোধন করেন।

এই শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের নিয়মিত শিক্ষার্থীদের জন্য চলমান থাকবে। এতে স্নাতক (পাস), স্নাতক (সম্মান), প্রিলি টু মাস্টার্স এবং স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীরা তাদের পূর্ববর্তী বর্ষের ফলাফলের ভিত্তিতে আবেদন করতে পারবেন। শিক্ষাবৃত্তির জন্য মূলত দুটি ক্যাটাগরির (১. বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী এবং ২. আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক ও সুবিধাবঞ্চিত, কিন্তু মেধাবী শিক্ষার্থীরা) শিক্ষার্থীরা বিবেচিত হবেন। আগ্রহী ও যোগ্য শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তির নিয়মাবলী অনুসরণ করে আগামী ৩০-০৯-২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হয়েছে।

যে সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন, তারা হলেন: স্নাতক (পাস): ২য় বর্ষ (২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষ) এবং ৩য় বর্ষ (২০২০-২১ শিক্ষাবর্ষ)। স্নাতক (সম্মান): ২য় বর্ষ (২০২২-২৩ শিক্ষাবর্ষ), ৩য় বর্ষ (২০২১-২২ শিক্ষাবর্ষ) এবং ৪র্থ বর্ষ (২০২০-২১ শিক্ষাবর্ষ, ৩য় বর্ষের ফলাফলের ভিত্তিতে)। মাস্টার্স প্রিলিমিনারী: ২০২০-২১ শিক্ষাবর্ষ। স্নাতকোত্তর: ২০২২-২৩ শিক্ষাবর্ষ (অনার্সের চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে)।

আবেদনের প্রক্রিয়াটি কলেজের মাধ্যমে সম্পন্ন হবে। শিক্ষার্থীদের National University College Portal (http://collegeportal.nu.ac.bd)-এ প্রবেশ করে College Login করার পর "শিক্ষাবৃত্তি তথ্যছক" লিংকে ক্লিক করে নিজেদের তথ্য পুরণ করতে হবে। এই শিক্ষাবৃত্তি শুধু শহিদদের প্রতি সম্মান প্রদর্শনেরই একটি মাধ্যম নয়, এটি দেশের ভবিষ্যৎ প্রজন্মকে উচ্চশিক্ষায় উৎসাহিত করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭৭৭-৭৮৯০৪২